দৈনিক সংবাদ

তারিখ 26 MAY 1996
পৃষ্ঠা ৯ কলাম ৫

68

## ঢাঃ বিঃ সাংবাদিকতা বিভাগের মিডিয়া সেন্টারের উদ্বোধন আজ

ঢাকা বিশ্ববিদ্যালয়ের গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগ নতুন স্থাপিত মিডিয়া সেন্টারের উদ্বোধনী অনুষ্ঠান আজ রোববার বিকেল ৫টায় ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে অনুষ্ঠিত হবে।

উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন বাংলাদেশ সরকারের শিক্ষা, সংস্কৃতি, যুব ও ক্রীড়া বিষয়ক উপদেষ্টা অধ্যাপক মোঃ শামসুল হক। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক এমাজউদ্দীন আহমদ, সাংবাদিক ওবায়েদউল হক ও এশিয়া ফাউন্ডেশনের বাংলাদেশ প্রতিনিধি মিঃ লিক ল্যাংটন অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন।

গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের সকল প্রাক্তন ও বর্তমান ছাত্রছাত্রীকে অনুষ্ঠানে আমন্ত্রণ জানানো হয়েছে। খবর সংবাদ বিজ্ঞপ্তির।